



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
আইন -১  
www.lgd.gov.bd



স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.১৫৬.২৩.৯৮৩

তারিখ: ১৬ ভাদ্র ১৪৩০

৩১ আগস্ট ২০২৩

বিষয়: রিট পিটিশন নং ৯৭৭৮/২০২৩ মোকদ্দমায় বিজ্ঞ আদালত কর্তৃক প্রদত্ত রুলের নির্দেশনা মোতাবেক অন্তর্বর্তীকালীন আদেশ পালনসহ পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

সূত্র: হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং ৯৭৭৮/২০২৩-এর ০৬/০৮/২০২৩ খ্রি. তারিখের রুল।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের অনুবৃত্তিক্রমে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, বগুড়া জেলার কাহালু উপজেলাধীন ৬নং কাহালু সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব পি.এম বেলাল হোসেন-কে গত ২৬/০৭/২০২৩ খ্রি. তারিখের ৪৬.০০.১০০০.০১৭.২৭.০০২.২৩-৭৩৩ সংখ্যক স্মারকে জারিকৃত প্রজ্ঞাপনের মাধ্যমে স্থানীয় সরকার বিভাগের ইউপি-১ শাখা হতে সাময়িক বরখাস্ত করা হয়। ফলে পিটিশনার জনাব জনাব পি.এম বেলাল হোসেন সংক্ষুব্ধ হয়ে মাননীয় হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং ৯৭৭৮/২০২৩ দায়ের করেন। মাননীয় হাইকোর্ট বিভাগ উপর্যুক্ত প্রজ্ঞাপন ০৬(ছয়) মাস পর্যন্ত স্থগিত করেন। এ মোকদ্দমায় স্থানীয় সরকার বিভাগের সচিব মহোদয়কে ১নং এবং সিনিয়র সহকারী সচিব, ইউপি-১ শাখাকে ২নং প্রতিপক্ষ করা হয়েছে।

২। এমতাবস্থায়, বিবেচ্য মোকদ্দমায় বিজ্ঞ আদালত কর্তৃক প্রদত্ত রুলের নির্দেশনা মোতাবেক অন্তর্বর্তীকালীন আদেশ পালনসহ পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতৎসঙ্গে রুলের কপি প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে.....পাতা। (6989/potrojariAttachmentRef/49224/0/2240)

৩১-৮-২০২৩

পুরবী গোলদার

সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)

ফোন: +880255100995

ইমেইল: lglaw1@lgd.gov.bd

জেলা প্রশাসক

জেলা প্রশাসকের কার্যালয়, বগুড়া

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.১৫৬.২৩.৯৮৩/১(৬)

তারিখ: ১৬ ভাদ্র ১৪৩০

৩১ আগস্ট ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ
- ২) সিনিয়র সহকারী সচিব, ইউনিয়ন পরিষদ -১ শাখা, স্থানীয় সরকার বিভাগ
- ৩) প্রোগ্রামার, আইসিটি সেল, স্থানীয় সরকার বিভাগ
- ৪) ব্যক্তিগত কর্মকর্তা, অতিরিক্ত সচিবের অনুবিভাগ, স্থানীয় সরকার বিভাগ
- ৫) ব্যক্তিগত কর্মকর্তা, আইন অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ
- ৬) ব্যক্তিগত কর্মকর্তা, ইউনিয়ন পরিষদ অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ

৩১-৮-২০২৩

পূর্ববী গোলদার

সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)